গাংনীর সাহেবনগর থেকে ৩৫ বোতল ফেন্সডিল সহ আটক-১

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর গ্রাম থেকে ৩৫ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে তাকে আটক করা হয়। আটককৃত হলো উপজেলার কাজিপুর গ্রামের মধ্যো পাড়ার ইনামুলের ছেলে সাইফুল ইমলাম (৩০)।

পুলিশ সুত্রে প্রকাশ, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় মাদক পাচারকারী সাইফুল ইসলাম মাদক বিক্রয়ের উদ্দেশ্যে সাহেবনগর দক্ষিণ পাড়ায় অবস্থান করছে।

এমন সংবাদের ভিত্তিতে এসআই অজয় কুমার ও এ এস আই আহম্মেদ আলি সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এসময় তার কাছ থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, আটক মাদক ব্যবসায়ী সাইফুল ইসলামকে মাদক মামলা দায়ের পূর্বক মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেপ্র/ আরপি

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিদায় ও বরণ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ বিদায় ও বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকেল ৪টার সময় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা কর্মচারিবৃন্দদের আয়োজনে অনুষ্ঠিত বিদায় ও বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিদায়ি সিভিল সার্জন থেকে পদন্নতি প্রাপ্ত স্বাস্থ্য অধিদপ্তরের উপ- পরিচালক ডা. শামীম আরা নাজনীন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো: রিয়াজুল আলম এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সদ্য যোগদানকৃত সিভিল সার্জন ডা. মো: নাসির উদ্দিন, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস, বিদায়ী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মাহাবুবুর রহমান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান অফিস সহকারি মো: আসাদুল ইসলাম লিটন।

ইপিআই কর্মকর্তা আব্দুর রশীদের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আবাসিক মেডিকেল অফিসার ডা. বুধাদিপ্ত দাস।

মানপত্র পাঠ করেন ডা. শাকিলা আফরোজ ও ডা. সাদনান সাকিব।

অনুষ্ঠানের শুরুতে কুরআন তেলাওয়াত ও তরজমা করেন মওলানা আজমাইন হোসেন।

মেপ্র/ আরপি

আর্থ সামাজিক উন্নয়নের অংশিদার হতে চায় গাংনীর সন্ধানী সংস্থা

বঙ্গবন্ধুর শতবর্ষ পূর্তিতে গাংনীর সন্ধানী সংস্থা এলাকার আর্থ সামাজিক উন্নয়নকে আরও বেগবান করে এলাকার জনগোষ্ঠির ইতিবাচক পরিবর্তন ও উন্নত জীবন যাপনে সহায়তা করবে।

মেহেরপুরের গাংনী উপজেলায় সংস্থাটির খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠন সন্ধানী স্কুল এন্ড কলেজে একটি “বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার” স্থাপন করা হয়েছে। যেখানে রয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের

জীবনী নিয়ে লেখা ও মুক্তিযুদ্ধ’র ইতিহাস নিয়ে অনেক বই। শিক্ষার্থীরা এখান থেকে বঙ্গবন্ধু ও বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে সঠিক ইতিহাস জানতে পারবে বলে মনে করেন সন্ধানী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মো: হাবিবুর রহমান।

তিনি বলেন, এ বছর থেকেই শুরু হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শত বার্ষিকী পালনের ক্ষণ গণনা এবং জন্মশতবার্ষিকীতে বাংলাদেশের উন্নয়নের নতুন এক লক্ষ্যে পৌছবে। তেমনই আমাদের শিক্ষা প্রতিষ্ঠানই শুধু নয় সন্ধানী সংস্থার প্রতিটি শাখায় এ এলাকার আর্থ সামাজিক উন্নয়নেও বড় ধরণের ভুমিকা পালন করে আসছে এমনটিই মনে করেন প্রতিষ্ঠানটির অধ্যক্ষ মো: হাবিবুর রহমান।

এই এলাকার পিছিয়ে পড় জনগোষ্ঠির শিক্ষা, স্বাস্থ্য ও আর্থ-সামাজিক জীবন যাত্রার মান উন্নয়নে ব্যাপক ভুমিকা রেখে চলেছে সন্ধানী সংস্থা। সন্ধানী সংস্থা জাপানি সাহায্য পুষ্ট একটি অলাভজনক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি মেহেরপুরের গাংনী উপজেলার নিভিৃত পল্লী করমদি পূর্ব পাড়ায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রকল্প শুরু করে ১৯৮৮ সালে। এলাকায় শিক্ষার আলো ছড়িয়ে দিতে বিদ্যালয়ে একটি দোতালা ভবন নির্মান করা হয়।

সন্ধানী সংস্থার মাধ্যমে এলাকায় সার্বিক উন্নয়নে যিনি নিঃশ্বার্থভাবে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন তিনি করমদি গ্রামেরই কৃতি সন্তান মৃত নুরুল ইসলামের ছেলে জাপান প্রবাসি ড. মো: মখলেছুর রহমান।
তিনি জাপান ইউনিভার্সিটি অব ইকোনোমিক্স জাপান এ প্রফেসর হিসেবে কর্মরত রয়েছেন। মুলত এই কৃতি সন্তানের কারণে বর্তমানে এ এলাকায় সন্ধানী স্কুল এন্ড কলেজ নামের একটি খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। প্রতিবছরই যে কোন পরীক্ষায় কৃতিত্বের সাথে জেলার সেরা ফলাফল বয়ে আনতে স্বক্ষম হয় প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা।

সন্ধানী সংস্থা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের দু’বছর পর শিক্ষার্থীদের বৃত্তি প্রদান শুরু করে। যাতে করে পিছিয়ে পড়া গ্রামটি শিক্ষায় ভবিষ্যৎ প্রজন্ম আগ্রহী হয়ে সমাজে আলো ছড়াতে পারে। সংস্থাটি শিক্ষার পাশাপাশি নারীদের ভাগ্য উন্নয়নে ১৯৯২ সালে সেলাই প্রশিক্ষণ শুরু করে। প্রশিক্ষণ নিয়ে অনেক নারী আজ অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়েছেন।

সন্ধানী সংস্থার প্রতিষ্ঠাতা মো: মখলেছুর রহমান জাপানে কর্ম ব্যাস্ত জীবন অতিবাহিত করলেও তাঁর মন পড়ে থাকে বাংলাদেশের উন্নয়ন ভাবনায়। তিনি শিক্ষার পাশা পাশি এলাকার মানুষকে স্বাস্থ্য সেবা দিতে এ উপজেলার করমদি গ্রামে এস এস (সন্ধানী সংস্থা) হাসপাতাল প্রতিষ্ঠিত করেছেন। নিভৃত পল্লীর মানুষকে সাধারণ চিকিৎসার জন্য নির্ভর করতে হতো স্থানীয় হাতুড়ি চিকিৎসকদের কাছে। তারা ব্যার্থ হলে আসতে হতো রোগীদের ২০ কিলোমিটার পথ পাড়ি দিয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। ১৯৯৪ সালে ঐ গ্রামে সন্ধানী সংস্থার এস এস হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার প্রতিষ্ঠিত হয়। তখন থেকে ঐ এলাকার মানুষকে আর গাংনীতে আসতে হয়না আবার হাতুড়ি চিকিৎসকের হাত থেকেও রেহায় পেয়েছেন এলাকার মানুষ।

গাংনী উপজেলার নিভৃত পল্লীতে শিক্ষা, স্বাস্থ্য ও নারী উন্নয়ন কর্মসুচি চালু করে গ্রামে সাধারণ মানুষকে আলোর পথ দেখিয়ে নারীদের ভাগ্য উন্নয়নে ভুমিকা রাখার পর সন্ধানী সংস্থা তার পরিসর বড় করে শহর এলাকায় যাতে গোটা উপজেলার মানুষ উপকৃত হতে পারে। তারই ধারাবাহিকতায় ১৯৯৯ সালে সন্ধানী স্কুল এন্ড কলেজ চালু করে গাংনী মহিলা কলেজ রোডে যা বর্তমানে পৌর এলাকার ৮ নং ওয়ার্ডের অন্তভূক্ত। সন্ধানী স্কুল এন্ড কলেজ চালু হওয়ার পর থেকে উপজেলায় শিক্ষায় এক নতুন দিগন্ত শুরু হয়। সন্ধানী স্কুল এন্ড কলেজ শুরু থেকেই প্রতিষ্ঠানটি থেকে শিক্ষার্থীরা সফলতার সাথে তারা লেখ পড়া শেষ করে বর্তমানে অনেকে নিজ নিজ পেশায় আলো ছড়িয়ে যাচ্ছে। এই শিক্ষা প্রতিষ্ঠান থেকে বর্তমানে অনেকে দেশ বিদেশে ডাক্তার ইঞ্জিনিয়ার ম্যজিষ্ট্রেট কেউ কেউ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা ছাড়াও সফলতার সাথে অনেক পেশায় নিয়োজিত আছেন।

সন্ধানী সংস্থা মুলোত শিক্ষা ও স্বাস্থ্য’র উন্নয়নকেই বেশি গুরুত্ব দিয়ে থাকেন। কারণ শিক্ষা যেমন একটি জাতির মেরুদন্ড তেমন সুস্বাস্থ্য ছাড়া একটি শিক্ষিত কর্মক্ষম জাতি আশা করা সম্ভব নয়। তাই এ সংস্থাটি ২০০২ সালে পুষ্টি ও পূনর্বাসন প্রকল্প চালু করে। এই প্রকল্পের আওতায় বিনামুল্যে হত দরিদ্রদের মাঝে গাভি গরু দেওয়া হয়। উদ্দেশ্য গাভি গরুর বাছুর হওয়ার পর থেকে যে দুধ পাওয়া যাবে সেখান থেকে পুষ্টি পাবে হতদরিদ্র মানুষ জন ও গাভী থেকে যে বাছুর হবে প্রথম বাছুরটি বাদে পরবর্তিতে ঐ গাভি থেকে যা আসবে সবই ঐ হতদরিদ্র পরিবারটি ভোগ করবে। এভাবেই সন্ধানী সংস্থা এলাকার হত দরিদ্র মানুষের পুষ্টি ও পুনর্বাসনের কাজ করে আসছে। প্রায় ২’শ ৫৯টি পরিবারের মাঝে গাভি গরু প্রদান করেছে সন্ধানী সংস্থা।

এছাড়াও সন্ধানী সংস্থা পোভার্টি এলিভেশন, সন্ধানী ইনফরমেশন সেন্টার চালু করেছে অনেক আগেই।

এই শিক্ষা প্রতিষ্ঠানটিতে যোগ হয়েছে নার্সিং ইনস্টিটিউট। সন্ধানী নার্সিং ইনস্টিটিউট ২০১৬ সাল থেকে বেশ সফলতার সাথে কার্যক্রম চলছে। নার্সিং ইনস্টিটিউট থেকে শিক্ষার্থীরা খুব সহজেই সফলতার মুখ দেখছে। নার্সিং ইনস্টিটিউট খুব অল্প সময়ে যাত্র শুরু করলেও এখান থেকে বের হওয়ার সাথে সাথে তারা কর্মসংস্থানে যোগ দিতে পারবে।

সংস্থাটির নির্বাহী পরিচালক ও উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি মহাঃ আবু জাফর মনে করেন সমাজের সকল শ্রেণী পেশার জন সাধারণের শিক্ষা স্বাস্থ্য ও আর্থ সামাজিক জীবন যাত্রার মান উন্নয়ন করবে। তিনি বলেন আমাদের সমাজের মানুষকে সচেতন করে উন্নত জীবন যাপন যাতে করতে পারে এই লক্ষ্য নিয়ে আমরা কাজ করে যাচ্ছি।

সন্ধানী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মো: হাবিবুর রহমান বলেন, সন্ধানী সংস্থা আসলে সমাজে আলো ছাড়িয়ে যাচ্ছে বলে আমি মনে করি। কারণ সন্ধানী স্কুল এন্ড কলেজ প্রতিবছরই শিক্ষা ও সাংস্কৃতিতে কৃতিত্বের পরিচয় দিয়ে আসছে। তিনি মনে করেন সন্ধানী সংস্থা এলাকার সকল শ্রেণী পেশার জনসাধারনের উন্নত জীবন যাপনে সহায়তা করবে।

অধ্যক্ষ মো: হাবিবুর রহমান বলেন, বঙ্গবন্ধুর জন্ম শত বার্ষিকী উপলক্ষ্যে আমাদের দেশের মানুষের ভাগ্য উন্নয়নে সরকার যেমন কাজ করে যাচ্ছে তেমন আমরাও দেশের উন্নয়নে অংশীদার হতে এ এলাকার আর্থ সামাজিক জীবন যাত্রার মান উন্নয়ন করে দেশের উন্নয়নে অংশিদার হতে চাই।

জোড়পুকুরিয়ায় এসবি পরিবহন নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা

মেহেরপুরের গাংনী- কুষ্টিয়া সড়কের জোড়পুকুরিয়া বাজারের অদুরে এসবি পরিবহন (ঢাকা মেট্রো-ব-১৪-৬৭৪০) নিয়ন্ত্রণ হারিয়ে গাছের

সাথে ধাক্কা লেগে গাড়ির সামনের অংশ দুমড়ে গেছে বলে জানা গেছে।

বুধবার সকাল সাড়ে ৬টার দিকে জোড়পুকুরিয়া বাজারের অদুরে জ্যোতি মাধ্যমিক বিদ্যালয়ের সামনে এ দুর্ঘটনার ঘটনা ঘটে। এতে গাড়ির সুপার ভাইজার জয়নাল ও হেল্পার স্বপন এর মাথায় আঘাত লাগে।

সুপার ভাইজার জয়নাল জানান, গাড়িতে দু’জন যাত্রি ছিল তারা অক্ষত রয়েছে। তবে ড্রাইভার মিলনের চোখে ঘুমের ভাব দেখে তাকে সজাগ রাখতে তার পাশে ইঞ্জিন কভারে বসে কথা বলতে থাকি।

এ সময় জোড়পুকুরের জ্যেতি মাধ্যমিক বিদ্যালয়ের কাছে পৌছেল ড্রাইভার গাড়ির নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা মারে। গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মেপ্র/ আরপি

গাংনীতে কাম’স সিএফএইচের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

কাম ফর হিউম্যানিটি-সিএফএইচের উদ্যোগে মেহেরপুর জেলাব্যাপী শীতবস্ত্র বিতরণের উদ্বোধন করা হয়।

আজ মঙ্গলবার বেলা ২টার সময় মেহেরপুর জেলার গাংনী উপজেলার চিৎলা ফোরকানিয়া হাফেজিয়া এবতেদায়ী মাদ্রাসা ও এতিমখানার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণের মধ্যদিয়ে সিএফএইচ শীত উৎসব সিজন-২ এর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার জনাবা দিলারা রহমান।

সংগঠনের সভাপতি মামুন অর রশিদ বিজন এর সভাপতিত্বে শীতবস্ত্র বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাবেক ইউপি সদস্য শফিউর রহমান, মাদ্রাসার সভাপতি গোলাম আম্বিয়া, মাদ্রাসার শিক্ষক হারুন অর রশিদ, মো: জামান, মো: আনিচুর রহমান।

এসময় সিএফএইচের প্রতিনিধি হিসাবে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মুনেম শাহরিয়ার তুরিন, দপ্তর সম্পাদক তানভীর আহমেদ, সাংস্কৃতিক সম্পাদক শাহাবুদ্দিন সাজ্জাদ উদয়, অর্থ সম্পাদক সহরাব হোসেন, সদস্য, সবুজ খান, জারিন তাসনিম রোজা, মাহমুদা রহমান মিম, ইরফানা তাসনুবা অদিতি, আশিকুর ইসলাম, শবনাম শোভা, জাহিদ ইসলাম, মোছা: তাম্মি প্রমুখ।

মেপ্র/ আরপি

বামন্দীতে পল্লী বিদ্যুৎ এর এজিএম কে প্রাণ নাশের হুমকিতে লিটন মেম্বরের নামে মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী পল্লী বিদ্যুতের এ জি এম কম মো: মোতাছিম বিল্লাহকে শারীরিক ভাবে লাঞ্ছিত ও প্রাণ নাশের হুমকি দেওয়ায় বামন্দী ইউনিয়নের ছাতিয়ান গ্রামের মেম্বর লিটনের বিরুদ্ধে মামলা হয়েছে।

সোমবার দুপুরে বামন্দী পল্লী বিদ্যুতের জোনাল ম্যানেজার মো: মোতাছিম বিল্লাহ বাদি হয়ে থানায় মামলা করেন।

বাদি মো: মোতাছিম বিল্লাহ জানান, সকালের দিকে আমাদের অফিসে ছাতিয়ান গ্রামের লিটন মেম্বর আসে এবং গাছ কাটার জন্য বিদ্যুত বন্ধ করে রাখতে বলে।
এ সময় ম্যানেজার মোতাছিম বিল্লাহ মেম্বর লিটনকে আবেদন করতে বললে সে আবেদন না করেই তাকে বিদ্যুৎ লাইন বন্ধ করে দিতে চাপ প্রয়োগ করে এবং ম্যানেজার মোতাছিম বিল্লাহ’র গালে থাপ্পড় দিয়ে “তোকে দেখে নেব, আমাকে সবাই চেনে” এ ধরণের হুমকি দেয় বলে জানান, বামন্দী পল্লী বিদ্যুতের এ জি এম মোতাছিম বিল্লাহ।

এ ঘটনায় মেম্বর লিটনের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তার ফোনটি বন্ধ পাওয়া যায়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, বামন্দী পল্লী বিদ্যুতের এ জি এম মো: মোতাছিম বিল্লাহকে শারীরিক ভাবে লাঞ্ছিত ও প্রাণ নাশের হুমকি দেওয়ায় মেম্বর লিটনের বিরুদ্ধে মামলা হয়েছে। তাকে গ্রেফতারের চেষ্টা চলছে।

মেপ্র/ আরপি

গাংনীতে চোরা চালান ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা চোরাচালান ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১১টার সময় উপজেলা প্রশাসনের সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসন আয়োজিত ও নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক,

গাংনী থানার ভার প্রপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: সোহেল আহম্মেদ, তেতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম প্রমুখ।

এ সময় জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,

রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম, সন্ধানী স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ মো: হাবিবুর রহমান সহ সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ব্যবসায়ী সাংবাদিক গণ

উপস্থিত ছিলেন।

মেপ্র/ আরপি

গাংনীতে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত

গাংনীতে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় গতকাল সকাল ১০ টায় উপজেলা পরিষদ চত্বরে।
উপজেলা প্রশাসনের আয়োজনে “জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বিজ্ঞান ও প্রযুক্তি” এই শ্লোগানকে সামনে রেখে গাংনীতে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা ২০২০ এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উক্ত মেলায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান রাশেদুল হক, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, “ছেলে-মেয়েদের বিজ্ঞান ভীতি দূর করে তাদেরকে দক্ষ হিসেবে গড়ে তোলাই হচ্ছে একজন আদর্শ শিক্ষকের দায়িত্ব এবং এ ব্যাপারে সর্ব প্রথমে শিক্ষকের পাশাপাশি অভিভাবকদের সহযোগিতা অত্যন্ত জরুরী।”

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী মহিলা ডিগ্রী কলেজের ভাইস প্রিন্সিপাল নাসিরুদ্দীন, গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, মনিরজ্জামান আতু।

উপস্থিত সকল বক্তারাই বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধির জন্য সকলের সচেতনতার উপর গুরুত্ব আরোপ করেন এবং বিজ্ঞান ভীতি কাটিয়ে প্রযুক্তির ব্যবহার করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার আহবান জানান।

বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ এবং ছাত্র-ছাত্রীবৃন্দ উক্ত মেলায় উপস্থিত থেকে মেলাকে প্রাণবন্ত করে তোলেন। দুই দিন ব্যাপী উক্ত মেলায় ১৮ টি বিদ্যালয় তাদের বিজ্ঞান ও প্রযুক্তির সরঞ্জামাদী তৈরী করে সবার সামনে প্রদর্শন করে।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমীক সুপার ভাইজার এম এ আল- মাছুম।

বক্তব্য শেষে অতিথিগণ বিভিন্ন স্টল ঘুরে ঘুরে পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তির সকল আবিস্কার দেখে মুগ্ধ হন।

মেপ্র/ আরপি

সংবাদ প্রকাশের পর বকেয়া বিদ্যুৎ বিলের কিছু টাকা পরিশোধ করলেন ইউএনও

মেহেরপুর প্রতিদিন পত্রিকায় সংবাদ প্রকাশের পর পল্লী বিদ্যুৎ বকেয়া বিলের দুই মাসের বিদ্যুৎ বিল পরিশোধ করলেন উপজেলা নির্বাহি অফিসার।

মেহেরপুর গাংনী উপজেলা জোনাল অফিস পল্লী বিদ্যুৎ জোনাল অফিসের ডিজিএম নিরাপদ দাস দুই মাসের বিল পরিশোধ করেছে বলে জানিয়েছেন।

নিরাপদ আরো জানান গতকাল রবিবার বিকেলে গাংনী উপজেলা পরিষদ থেকে২০১৯ সালের নভেম্বর-ডিসেম্বরের বিল বাবদ ২২ হাজার একটি চেক

গ্রহণ করেন।

উল্লেখ্য, গতকাল রবিবারে দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার শিরোনামে উপজেলা গাংনী উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয় ও গাংনী পৌরসভার ৩০ লাখ টাকা বিদ্যুৎ বিল বকেয়া সংক্রান্ত একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আসলে তিনি বিল পরিশোধের উদ্যোগ গ্রহণ করেন।

মেপ্র/এমইএম

লিচুতলা ব্যাডমিন্টন টুর্নামেন্টে ফাইনাল খেলায় গাংনী ব্যাডমিন্টন ক্লাব জয়ী

মুজিবনগরে ছবিতলা ব্যাডমিন্টন টুর্নামেন্টে ফাইনাল খেলায় মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাবকে পরাজিত করে গাংনী ব্যাডমিন্টন ক্লাব জয়লাভ করেছে।

রবিবার রাতে লিচুতলা ব্যাডমিন্টন ক্লাবের আয়োজনে এ খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় একদিকে মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাব ও অপরদিকে গাংনী ব্যাডমিন্টন ক্লাব মুখোমুখি হয়।

উক্ত খেলায় মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাবকে পরাজিত করে গাংনী ব্যাডমিন্টন ক্লাব জয়লাভ করেছে।

খেলায় প্রথম পর্যায়ে মেহেরপুরকে হারিয়ে গাংনী ব্যাডমিন্টন ক্লাব একটি গেমে এগিয়ে আসে। পরবর্তিতে গাংনী ব্যাডমিন্টন ক্লাবকে হারিয়ে মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাব সমতায় আনে। কিন্তু তৃতীয় খেলায় মেহেরপুর ব্যাডমিন্টন ক্লাবকে আবারো পরাজিত করে গাংনী ব্যাডমিন্টন ক্লাব বিজয় লাভ করে।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, দারিয়াপুর ইউপি চেয়ারমান তৌফিকুল বারী বকুল, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডুসহ উৎসক জনতা শেষ পর্যন্ত খেলাটি উপভোগ করেন।

খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরষ্কার তুলে দেওয়া হয়।

পুরষ্কার হিসাবে বিজয়ীদেরকে দেওয়া হয় ১০ হাজার টাকা ও রানার্সআপ দলকে দেওয়া হয় ৬ হাজার টাকা।

মেপ্র/ আরপি